



Bangladesh Garment Buying House Association

House # 37 Flat # C-1(1st Fl) Road No. # 27, Block # A, Banani, Dhaka -1213. Bangladesh

Web:www.bgbabd.org E-mail: info@bgbabd.org Hotline:+8801673230851 Tel: +88025503375-76

বিজিবিএ/প্রেসবি/৫১৩/২০২০

২০ই মে, ২০২০ইং

প্রেস বিজ্ঞপ্তি

আমার প্রাণ প্রিয় সাংবাদিক ভাই ও বোনেরা,

অদ্যরোজ ২০/০৫/২০২০ বাংলাদেশ গার্মেন্ট বায়িং হাউসের কার্যনির্বাহীর সভায় উপস্থিত সভাপতি, সিনিয়র সহসভাপতি, মহাসচিব ও সদস্যবৃন্দ বর্তমান করোনা ভাইরাস পরিস্থিতির উপর আলোচনায় হতাশা প্রকাশ করেছে। এখানে পরিলক্ষিত হয় যে, বর্তমান করোনা ভাইরাস পরিস্থিতির কারণে আমাদের সদস্যভুক্ত বায়িং হাউসগুলো ভয়াবহ ক্ষতিকর অবস্থার সন্মুখীন এবং একটা অনিশ্চিত পরিস্থিতির মধ্যে অবস্থান করছে। অধিকাংশ বায়িং হাউসগুলোর প্রতিমাসের খরচ আসে তাহাদের মাসিক রপ্তানি থেকে। কিন্তু কয়েক মাস যাবৎ কোন রপ্তানী এবং কোন রপ্তানী আদেশও না থাকার কারণে তাহাদের প্রতিষ্ঠানের ব্যয়ভার বহন করিতে অত্যন্ত নাজুক পরিস্থিতির সন্মুখীন হচ্ছে। বাংলাদেশে তৈরি পোশাক শিল্প বিপন্ননের কার্যক্রমের ৮৫ শতাংশ বায়িং হাউসগুলো করে থাকে এবং প্রায় চার লক্ষের অধিক শিক্ষিত জনগোষ্ঠী এই সকল বায়িং হাউসগুলোতে কর্মরত আছে। এখানে আরও উল্লেখ্য যে, বায়িং হাউসগুলো প্রতি বছর রাজস্ব খাতে অগ্রিম কর আনুমানিক এক হাজার থেকে বারশ (১০০০-১২০০) কোটি টাকা প্রদান করে থাকে।

মাননীয় প্রধানমন্ত্রী তার আর্থিক প্রণোদনা প্যাকেজে সেবা খাতকে প্রণোদনার আওতায় ঘোষণা করেছেন। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় অদ্যাবধি বাংলাদেশ ব্যাংক তার নীতিমালায় উক্ত সংগঠনের সদস্য তথা বায়িং হাউস গুলোর আর্থিক প্রণোদনা পাওয়ার ব্যাপারে কোনোরূপ দিক নির্দেশনা দেয়নি যাহা বাংলাদেশ গার্মেন্টস বায়িং হাউস এসোসিয়েশন অত্যন্ত হতাশাজনক বলে মনে করছে।

এমতাবস্থায়, বাংলাদেশ গার্মেন্টস বায়িং হাউস এসোসিয়েশন অদ্যকার সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহন করিলঃ

- ১। আগামী ৬ই জুন একটি প্রেস কনফারেন্স করিবে। স্থান এবং সময় যথা সময়ে জানানো হবে।
- ২। আগামী ৮ই জুন সংগঠনের সদস্যদের নিয়ে ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে এনং সামাজিক দূরত্ব বজায় রেখে একটি মানব বন্ধন করিবে।

ধন্যবাদান্তে,

কাজী ইফতেখার হোসাইন

সভাপতি

মোবাঃ +৮৮০১৭১১৫৩৭১১০